

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)
বিআরটিএ ভবন
নতুন বিমানবন্দর সড়ক, বনানী, ঢাকা-১২১২
www.brta.gov.bd

স্মারক নং- ৩৫.০৩.০০০০.০০৩.০৭.০০৭.২১-৩৪২৩

তারিখ: ২৮ ডিসেম্বর ২০২২

বিষয়: পত্রিকায় বিজ্ঞপ্তি প্রচার প্রসঙ্গে।

নিম্নোক্ত জরুরি বিজ্ঞপ্তিটি (রঞ্জীন) বহুল প্রচলিত ০৭ (সাত)টি জাতীয় দৈনিক পত্রিকায় (একাধিক সংস্করণ প্রকাশিত হলে উভয় সংস্করণের) প্রথম বা শেষ পৃষ্ঠায় আগামী ১ জানুয়ারি ২০২৩ তারিখের মধ্যে ০১ (এক) দিন প্রকাশ এবং প্রকাশিত বিজ্ঞপ্তিগুলোর ০১ (এক) টি কপি অত্র শাখায় প্রেরণের জন্য অনুরোধ করা হলো।



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)
সদর কার্যালয়, বিআরটিএ ভবন
নতুন বিমানবন্দর সড়ক, বনানী, ঢাকা।
www.brta.gov.bd



**গণপরিবহনে (ভাড়ায় চালিত বাস-মিনিবাস) নারী, শিশু, বৃদ্ধ ও বিশেষ চাহিদা সম্পন্ন ব্যক্তির
জন্য ন্যূনতম ২০% আসন নিশ্চিত করা সংক্রান্ত বিজ্ঞপ্তি**

এতদ্বারা সংশ্লিষ্ট মোটরযান মালিকের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, সড়ক পরিবহন আইন, ২০১৮ এর ধারা- ৩৪ (১) অনুযায়ী কর্তৃপক্ষ বা যাত্রী ও পণ্য পরিবহন কমিটি গণপরিবহনে নারী, বিশেষ চাহিদা সম্পন্ন ব্যক্তি, বয়স্ক ব্যক্তি ও শিশুদের জন্য আসন সংখ্যা নির্ধারণ করতে পারেন। ইতোমধ্যে সংশ্লিষ্ট সকলকে গণপরিবহনে (ভাড়ায় চালিত বাস-মিনিবাস) নারী, শিশু, বৃদ্ধ ও বিশেষ চাহিদা সম্পন্ন ব্যক্তির জন্য ন্যূনতম ২০% আসন নিশ্চিত করার অনুরোধ জানানো হয়েছে। পর্যবেক্ষণে দেখা যায়, ঢাকা ও চট্টগ্রাম মহানগরীতে চলাচলরত অধিকাংশ গণপরিবহনে উপরোক্ত নির্দেশনাবলী প্রতিপালন করা হচ্ছে না। তাছাড়া গণপরিবহনের ৯টি আসন (বাস) ও ৬টি আসন (মিনিবাস) সংরক্ষণের নিমিত্ত দৃশ্যমান স্থানে নারী, বিশেষ চাহিদা সম্পন্ন ব্যক্তি, বয়স্ক ব্যক্তি ও শিশুদের জন্য ৯টি আসন (বাস) ও ৬টি আসন (মিনিবাস) সংরক্ষিত সম্বলিত কোনো স্টিকার প্রদর্শনের ব্যবস্থা না থাকার কারণে প্রায়শঃ যাত্রীদের সাথে গণপরিবহনের (বাস-মিনিবাস) কন্ডাক্টরগণের বাক-বিতন্ডার অভিযোগ পাওয়া যাচ্ছে এবং অনেক সময় যাত্রীদের সাথে কন্ডাক্টরগণের অপ্রীতিকর ঘটনা ঘটছে। এমতাবস্থায়, গণপরিবহনে (বাস-মিনিবাস) নারী, বিশেষ চাহিদা সম্পন্ন ব্যক্তি, বয়স্ক ব্যক্তি ও শিশুদের জন্য মোট আসন সংখ্যার ন্যূনতম ২০% আসন নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট মোটরযান মালিককে অনুরোধ করা যাচ্ছে। এর ব্যত্যয়ে প্রচলিত আইন অনুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

বিআরটিএ

পরিচালক (এনফোর্সমেন্ট)
বিআরটিএ সদর কার্যালয়
বনানী, ঢাকা-১২১২।

(শীতাংশু শেখর বিশ্বাস)
পরিচালক (ইঞ্জিনিয়ারিং)
ফোনঃ ৫৫০৪০৭১৬

ইমেইল: de@brta.gov.bd

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. প্রোগ্রামার বিআরটিএ সদর কার্যালয়, নতুন বিমানবন্দর সড়ক, বনানী, ঢাকা-১২১২ (বিজ্ঞপ্তিটি বিআরটিএ'র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ২। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিআরটিএ সদর কার্যালয়, নতুন বিমানবন্দর সড়ক, বনানী, ঢাকা-১২১২।